

## 💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কোন কোন ভাউচারে লেখা থাকে, 'বিক্রিত পণ্য পরিবর্তন যোগ্য ও ফেরত যোগ্য নয়।' শরীয়তের বিধানে এটা কি ঠিক?

উক্ত শর্ত লাগিয়ে বিক্রেতার পণ্য বিক্রয় করা অথবা বিক্রয়ের সময় ক্রেতার উপর উক্ত শর্ত আরোপ করা সঠিক নয়। যেহেতু এতে ক্রেতা ধোঁকা খেতে পারে। এর ফলে ক্রিটিপূর্ণ পণ্য গ্রহণ করতে সে বাধ্য হয়, ফলে সে ক্ষতিগ্রস্থ হয়। ক্রেতা পূর্ণ মূল্য দিয়ে একটি ক্রিটিমুক্ত পণ্য পেতে চায়। কিন্তু পরবর্তিতে দেখা যায় তা ক্রিটিপূর্ণ। সুতরাং তার অধিকার আছে, সে তার পরিবর্তে অন্য পণ্য গ্রহণ করবে অথবা মূল্য ফিরিয়ে নেবে। (লাজনাহ দায়েমাহ)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2226

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন